যমুনা অয়েল কোম্পানী লিমিটেড
(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের একটি
অঙ্গ প্রতিষ্ঠান)
আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম
মানব সম্পদ ডিভিশন

নম্বর: ২৮.২৪.০০০০.০০৫.১৮.০০১.১৯.১৭৩

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪২৭
২৮ মে ২০২০

অফিস আদেশ

বিষয় : করোনা ভাইরাস রোগ (কোভিড-১৯) এর সংক্রমণ রোধকল্পে স্বাস্থ্য বিধি

১। কোম্পানির প্রধান কার্যালয় এর প্রতিটি অফিস কক্ষ/আঙ্গিনা/রাস্তাঘাট জীবাণুমুক্ত করতে হবে। অফিসে প্রবেশের প্রধান গেইটে এবং অন্যান্য স্থানে রক্ষিত জীবাণুনাশক দ্রবণের পাপোশ এ জুতার তলা মুছে জীবাণুমুক্ত-পূর্বক অফিসে প্রবেশ করতে হবে । জীবাণুমুক্ত হয়ে প্রবেশ করার পর অফিস ছুটি পর্যন্ত অফিসের বাইরে যেতে দেওয়া হবে না। জরুরী প্রয়োজনে বাইরে যেতে হলে বিভাগের অনুমতি গ্রহণ করতে হবে। পুনরায় প্রবেশ করলে আবার জীবাণুমুক্ত হয়ে প্রবেশ করতে হবে।

২। কোম্পানির প্রধান কার্যালয় এর প্রবেশ পথে সকল কর্মকর্তা/শ্রমিক-কর্মচারীকে থার্মাল স্ক্যানার/থার্মোমিটার দিয়ে শরীরে তাপমাত্রা পরীক্ষা করে অফিসে প্রবেশ করতে হবে।

৩। অফিস পরিবহনসমূহ অবশ্যই শতভাগ জীবাণুনাশক দিয়ে জীবাণুমুক্ত করতে হবে। যানবাহনে বসার সময় পারস্পরিক ন্যূনতম তিন ফুট শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে এবং সকলকে মাস্ক (সার্জিক্যাল মাস্ক অথবা তিন পরত (স্তর) বিশিষ্ট কাপড়ের মাস্ক, যা নাক ও মুখ ভালোভাবে ঢেকে রাখবে) ব্যবহার করতে হবে।

৪। সার্জিক্যাল মাস্ক শুধু একবার হিসেবে ব্যবহার করা যাবে। কাপড়ের মাস্ক সাবান দিয়ে পরিষ্কার করে পুনরায় ব্যবহার করা যাবে।

৫। অফিসে আসার পূর্বে এবং অফিস ত্যাগ করার সময় সাবান/হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করতে হবে।

৬। পরবর্তী নির্দেশন না দেওয়া পর্যন্ত প্রধান কার্যালয়ের ক্যান্টিন সাময়িকভাবে বন্ধ থাকবে। ক্যান্টিন হতে দুপুরের খাবার পরিবেশন ও চা সরবরাহ সাময়িকভাবে বন্ধ থাকবে। প্রত্যেক কর্মকর্তা, শ্রমিক-কর্মচারী তাদের দুপুরের খাবার সাথে নিয়ে আসবেন। উপস্থিতির ভিত্তিতে সকল কর্মকর্তা/শ্রমিক-কর্মচারী ১০০/- আহায"ভাতা পরিশোধ করা হবে। খাওয়ার সময় শারীরিক দূরত্ব (ন্যূনতম তিন ফুট) বজায় রাখতে হবে। সংক্রমণ প্রতিরোধে সাময়িকভাবে কোম্পানির প্রধান কার্যালয়ের ইবাদতখানায় কোন জামাত অনুষ্ঠিত হবে না। সম্মানিত মুসল্লীগন তাদের স্ব স্ব স্থানে নামাজ আদায় করবেন।

৭। প্রতিবার শৌচাগার ব্যবহারে পর হাত সাবান/হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করে জীবাণুমুক্ত করতে হবে।

৮। অফিসে কাজ করার সময় শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে। কোম্পানির দাপ্তরিক কাজের জন্য সিদ্ধান্ত গ্রহণ কিংবা যোগাযোগের ক্ষেত্রে পারোতপক্ষে পিএবিএক্স এক্সটেনশন ব্যবহার করতে হবে। দাপ্তরিক কার্যাবলীসমূহ সম্পাদনের ক্ষেত্রে ই-নথি এবং ই-মেইলের সর্বোচ্চ ব্যাবহার নিশ্চিত করতে হবে।

৯। দর্শনার্থীদেরকে অফিসে আসা নিরুৎসাহিত করা হবে। জরুরি প্রয়োজনে কোম্পানির সংশ্লিষ্ট যে কর্মকর্তার সাথে দেখা করবেন তার পূর্ব অনুমতি নিয়ে দাপ্তরিক কাজের সহিত সম্পর্কিত ষ্টক-হোল্ডারকে প্রবেশানুমতি দেয়া যেতে পারে। তবে, তাদেরকে পরিপূর্ণ স্বাস্থ্য-বিধি মেনে অফিস অভ্যন্তরে প্রবেশ করতে হবে। অন্যথায়, প্রবেশের অনুমতি প্রদান করা যাবে না।

১০। কর্মস্থলে সকল কর্মকর্তা শ্রমিক-কর্মচারীগণকে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে এবং ঘন ঘন সাবান পানি বা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করতে হবে।

১১। কোম্পানির সকল কর্মকর্তা শ্রমিক-কর্মচারীগণ করোনা (কোভিড-১৯) প্রতিরোধ বিভিন্ন সাধারণ নির্দেশনাসহ অন্যান্য স্বাস্থ্যবিধি মনে রাখবে এবং স্বাস্থ্যবিধিসমূহ মেনে চলছে কিনা তা পর্যবেক্ষণ করা হবে। ভিজিলেন্স টীম পর্যবেক্ষণ কার্যক্রম পরিচালনা করবে।

১২। কোম্পানির সকল কর্মকর্তা শ্রমিক-কর্মচারীগণ স্বাস্থ্য সুরক্ষা নির্দেশনা মেনে চলতে হবে। অফিসে হাঁচি, কাঁশি ও থুতু ফেলা শিষ্টাচার মেনে চলতে হবে।

১৩। কোম্পানির কোন কর্মকর্তা শ্রমিক-কর্মচারী অসুস্থ হলে তিনি তাৎক্ষণিক-ভাবে কোম্পানির প্রধান চিকিৎসা কর্মকর্তার সহিত যোগাযোগ করবে।

কোম্পানির প্রধান স্থাপনা, অফিস ও ডিপোসমূহের প্রধানগণ উক্ত দাপ্তরিক নির্দেশনা (প্রযোজ্য ক্ষেত্রে) সমভাবে প্রয়োগ করবেন।

২৮-৫-২০২০
মোঃ মাসুদ করিম
উপ-মহাব্যবস্থাপক (মানব সম্পদ)

নম্বর:
২৮.২৪.০০০০.০০৫.১৮.০০১.১৯.১৭৩/১(৪০)

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪২৭
২৮ মে ২০২০

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) ব্যবস্থাপনা পরিচালক- আপনার সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।
২) মহাব্যবস্থাপক: (বিপণন/পরিচালন)
৩) উপমহাব্যবস্থাপক: (পরিচালন/বিক্রয়/মানব-সম্পদ/আইটি/ডিএলও)/প্রকৌশল ও উন্নয়ন/অর্থ/হিসাব/ সহকারী মহাব্যবস্থাপক (নিরীক্ষা)
৪) সহকারী মহাব্যবস্থাপক (প্রধান স্থাপনা) ইনচার্জ, চট্টগ্রাম।
৫) সহকারী মহাব্যবস্থাপক (ডিপো পরিচালন), পরিচালন বিভাগ, যমুনা অয়েল কোম্পানী লিমিটেড
৬) বিভাগীয়, বিক্রয় অফিস প্রধান: (ঢাকা/চট্টগ্রাম/বগুড়া/খুলনা)ও (রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর/কুমিল্লা)
৭) ডিপো প্রধান (সকল): (ফতুল্লা/ভৈরব বাজার/দৌলতপুর/বাঘাবাড়ী/বরিশাল/সিলেট/ঝালকাঠি/চাঁদপুর/রংপুর/সাচনা বাজার/পার্বতীপুর/শ্রীমঙ্গল/নাটোর/রাজশাহী/চিলমারী)
৮) সাধারাণ সম্পাদক, যমুনা অয়েল কোম্পানী লেবার ইউনিয়ন (সিবিএ)।

২৮-৫-২০২০
ডাক্তার উত্তম বড়ুয়া
প্রধান চিকিৎসা কর্মকর্তা